

B.A. Semester-IV Examination, 2022-23**বাংলা [অনার্স]**

Course ID : 40114

Course Code : AH/BNG/404/GE-4

Course Title : রবীন্দ্র সাহিত্য

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) 'সেদিনের পরে গেছে কত শতবার / প্রথম দিবসে স্নিগ্ধ নববরষার' — এখানে কোন্ সময়ের ও কোন্ দিবসের কথা বলা হয়েছে?
- খ) 'ঘরেতে এলো না সে তো, মনে তার নিত্য আসা-যাওয়া' — কোন্ কবিতার অংশ? কবি কে?
- গ) 'গুপ্তধন' গল্পের সঙ্গে কোন্ কাব্যের কোন্ কবিতার নিবিড় সাদৃশ্য পরিলক্ষিত হয়?
- ঘ) 'নষ্টনীড়' গল্পটি ক'টি পরিচ্ছেদে বিভক্ত ও কোন্ গল্প গ্রন্থের অন্তর্গত?
- ঙ) কুমুদিনীর পিতা ও মাতার নাম কী কী?
- চ) 'যোগাযোগ' উপন্যাসটি কী নামে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশ পায়?
- ছ) রবীন্দ্রনাথের 'কালের যাত্রা' কখন গ্রন্থাকারে প্রকাশিত হয় এবং রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেন?

(পরের পাতায়)

জ) 'কালের রথ যাত্রায় কোনো হাত নেই তোমাদের' — কে কাদের উদ্দেশ্যে একথা বলেছেন?

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) "কে দিয়েছে হেন শাপ, কেন ব্যবধান? কেন উর্ধ্ব চেয়ে কাঁদে রুদ্ধ মনোরথ? কেন প্রেম আপনার নাহি পায় পথ?" — উদ্ধৃত অংশের তাৎপর্য বিশ্লেষণ করো।
- খ) 'তৃষ্ণা দূর করো তাহা হইলেই বিশ্বব্যাপী অক্ষয় সম্পদ আপনি তোমাকে ধরা দেবে।' — উক্তিটির পরিপ্রেক্ষিতে গল্পের তাৎপর্য বিশ্লেষণ করো।
- গ) 'যোগাযোগ' উপন্যাসে মধুসূদন ও বিপ্রদাস চরিত্রের বৈপরীত্য আলোচনা করো।
- ঘ) 'কালের যাত্রা'-তে রবীন্দ্রনাথ দেখিয়েছেন মহাকালের যাত্রা — ব্যাখ্যা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) 'বাঁশি' কবিতায় কবি চিত্রায়িত করেন হরিপদ কেরানির নগর জীবন সংগ্রাম — আলোচনা করো।
- খ) বিস্তবাসনা থেকে মুক্তির যে আদর্শের কথা ব্যক্ত হয়েছে তাই 'গুপ্তধন' গল্পের মূল ভাববস্তু - এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।
- গ) 'যোগাযোগ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।
- ঘ) 'শ্রেণিবৈষম্যহীন সমাজই আদর্শ সমাজ — ইহাই 'কালের যাত্রা' নাটকের শেষ কথা' — নাটক অবলম্বনে আলোচনা করো।